106

ভোরের কাগজ

তারিখ ... JUN. 25 1999

পৃঃ ৭ কলাম ৩

### জুলাইয়ের প্রথম সপ্তাহে খুলতে পারে

# বুয়েট থেকে ১ ছাত্র আজীবন ও ২৫ জন বিভিন্ন মেয়াদে বহিষ্কার

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েটে) গত ২৫ ও ২৬ এপ্রিল ভাঙচুরের ঘটনায় একজন ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে আজীবন এবং অপর ২৫ জনকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করা হয়েছে। তদন্ত কমিটির রিপোর্ট ও ছাত্রদের শোকজের জবাবের ভিত্তিতে বুয়েটের 'বোর্ড অফ রেসিডেন্স এন্ড ডিসিপ্লিন' এ শাস্তি নির্ধারণ করে। বুয়েটের আবাসিক হলগুলো আগামী ৪ জুলাই খুলে দেওয়া হবে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

ভাঙচুরের ঘটনা তদন্তে গঠিত কমিটি ১ মাস ধরে ১৮৪ জনকে জিজ্ঞাসাবাদ করে রিপোর্ট পেশ করে। এ রিপোর্টের ভিত্তিতে শতাধিক ছাত্রকে শোকজ করা হয়। তদন্তে শোকজের জবাবের ভিত্তিতে বোর্ড অফ রেসিডেন্স এন্ড ডিসিপ্লিন একজনকে বিশ্ববিদ্যালয় থেকে আজীবন বহিষ্কার, তিনজনকে ২ টার্ম স্থগিতসহ ৪ টার্মের জন্য বহিষ্কার এবং ২২ জনকে জরিমানাসহ বিভিন্ন মেয়াদে বহিষ্কার করে। এ ছাড়া আরো কিছু ছাত্রকে জরিমানা এবং সতর্ক করে দেওয়া হয়। এ ছাড়া সাত জনের সঙ্গে যোগাযোগ করা সম্ভব না হওয়ায় তাদের ব্যাপারে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

বুয়েটে জোর গুজব, ভাঙচুরের সময় শিক্ষকদের কাছে ধরা পড়া রবিনকেই বিশ্ববিদ্যালয় থেকে চিরতরে বহিষ্কার করা হয়েছে। ৪ টার্মের জন্য বহিষ্কৃতরা পুলিশের হাতে ২৬ এপ্রিল রাতে আটক হওয়া তিনজন হতে পারে। শাস্তিপ্রাপ্তদের মধ্যে ইউকসুর নির্বাচিত ভিপি, জিএস, আপ্যায়ন ও ক্রীড়া সম্পাদক রয়েছেন বলেও একটি অসমর্থিত সূত্র জানিয়েছে। কর্তৃপক্ষ শাস্তিপ্রাপ্তদের নাম জানাতে অস্বীকৃতি জানিয়েছে।

শাস্তির ব্যাপারে বুয়েটের উপাচার্যের কাছে জানতে চাইলে তিনি বলেন, 'শাস্তি বোর্ড অফ রেসিডেন্স ঠিক করেছে। আমি ঠিকমতো জানিও না কারা শাস্তি পেয়েছে।' বুয়েট খুলে দেওয়ার ব্যাপারে তিনি বলেন, আগামী সোমবার একাডেমিক কাউন্সিলের সভায় পরীক্ষার তারিখ ঠিক করা হবে। পরীক্ষার তারিখ ঠিক হওয়ার পর বুয়েট খোলার তারিখ ঠিক করা। এটা সামনের মাসের প্রথম সপ্তাহে হতে পারে।